ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



বানসালিকে কেন আদর্শহীন বলেছিলেন কারিনা?
পৃঃ ৫



বুমরাহকে সেরা ফাস্ট বোলার মনে করেন স্মিথ
পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৬৬ ● কলকাতা ● ১২ আশ্বিন, ১৪৩১ ● রবিবার ● ২৯ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## মমতার ওপর গরিব মানুষের আস্থা ও ভরসা আরও দৃঢ় হয়েছে, চিন্তায় বিজেপি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জুনিয়র ডাক্তাররা কর্মবিরতি তুলে নেওয়ায় বিজেপি নেতৃত্ব বেজায় ক্ষুব্ধ। কেননা, তাঁদের এই আন্দোলনের নিট প্রাপ্তি শূন্য। আর জি কর কাণ্ডের প্রেক্ষাপটে বঙ্গ বিজেপি বুকে পেয়েছিল হাতির বল। কর্মবিরতি প্রত্যাহারের শর্তের তালিকা ক্রমশ লম্বা হওয়ায় অনেকেই চিকিৎসকদের আন্দোলনের পিছনে 'রাজনীতি'র গন্ধ পেয়েছিলেন।গণআন্দোলনের পোস্টমর্টেম করতে গিয়ে বিজেপি নেতারা বুঝেছেন, চিকিৎসকদের মূল ক্ষোভটা 'সিস্টেমে'র বিরুদ্ধে। তাঁরা সিস্টেমের বদল চেয়েছেন, সরকারের নয়। আর দাবি পূরণের জন্য তাঁরা বারবার মুখ্যমন্ত্রীর সঙ্গেই বৈঠক করতে চেয়েছেন। প্রধানমন্ত্রীর কাছে যাননি। এমনকী, মমতা বন্দ্যোপাধ্যায়ের পদক্ষেপেই তাঁরা কর্মবিরতি প্রত্যাহার করেছেন। বিজেপির কোনও নেতাই সেই জুনিয়ার ডাক্তারদের কাছে হিরো হয়ে যাননি। বরঞ্চ কর্মবিরতির শেষ দিকে আন্দোলন 'হাইজ্যাক' করতে গিয়ে বিজেপি নেতানেত্রীরা রীতিমতো 'ঘাড়ধাক্কা' খেয়েছেন, 'গো ব্যাক' স্লোগানও শুনেছেন। আর এই আন্দোলনের জেরেই এখন বাংলার রাজনীতির সমীকরণ গিয়েছে আমূল বদলে। অনেকে মনে করছেন, রাজনীতির সমীকরণ বদলে যাওয়ার সম্ভাবনাই বঙ্গ বিজেপির মুখে ছাই ঢেলে দিয়েছে। এখন বাম কর্মী সমর্থকরা অনেকটাই উজ্জীবিত। বিজেপির ভয়টা সেখানেই। যে তৃণমূল বিরোধী ভোট এসেছিল বিজেপির ঝুলিতে, সেটা না এবার বামেদের ঘরে ফেরত চলে যায়। গণআন্দোলনের প্রভাবে রামে যাওয়া ভোট বামে ফিরলেই বিজেপির বিপদ। যদিও তাতে আখেরে লাভ হবে তৃণমূলের।রাজনৈতিক

এরপর ৩ পাতায়

## কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামানের বিরুদ্ধে এফ আই আরের নির্দেশ দিয়েছে বেঙ্গালুরু কোর্ট



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** নির্বাচনী বন্ডের মাধ্যমে তোলা আদায়ের অভিযোগে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের বিরুদ্ধে এফ আই আর দায়ের করার নির্দেশ দিয়েছে বেঙ্গালুরুর এক আদালত।

কর্নাটকের জনাধিকার সংঘর্ষ সংগঠনের তরফে আদর্শ আইয়ার নামে এক ব্যক্তি কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বিরুদ্ধে এই অভিযোগ করেছেন। এই ঘটনার পর কর্নাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে নির্মলা সীতারমনের ইস্তফা দাবি করেছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা ছাড়াও কর্নাটকের বিজেপি নেতা নলিন কুমার কাতিল, বি ওয়াই বিজয়েন্দ্র এবং বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার বিরুদ্ধেও তিনি অভিযোগ দায়ের করেছেন। ইডি দিয়ে তল্লাশি চালানোর চাপ দিয়ে কর্পোরেট সংস্থাগুলিকে কোটি কোটি টাকার ইলেক্টোরাল বন্ড কিনতে বাধ্য করা হয়েছিল এই অভিযোগই করেছেন আদর্শ আইয়ার। এছাড়াও বিজেপির জাতীয় ও রাজ্য স্তরের নেতারাও জড়িত আছে বলেও অভিযোগ করেছেন তিনি। এই অভিযোগগুলি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে পাল্টা জবাব দিয়েছে বিজেপি। নির্বাচনী বন্ড একটি নীতিগত বিষয়, অপরাধমূলক নয়। সিদ্দারামাইয়ার বিরুদ্ধে জমি দুর্নীতির অভিযোগ নিয়েও বিজেপি আক্রমণ করতে ছাড়েনি।


এসবিআই এর তথ্য অনুযায়ী জানা গেছে ৬৯৮৬.৫ কোটি টাকা গেরুয়া শিবিরের তহবিলে জমা পড়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই বিষয়ে পাল্টা তোপ দেগে বলেছেন " নির্বাচনী বন্ড থেকে আয়ের ৬৩ শতাংশই গেছে বিরোধীদল গুলোর কাছে। ৩৭ শতাংশ অর্থ পেয়েছে বিজেপি।, তাহলে বিরোধীরা কেন আমাদের দিকে আঙ্গুল তুলছে"?

## রাষ্ট্রসংঘে গর্জে উঠলেন নেতানিয়াহু




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত, সুদান, মিশর, সৌদি আরবের মতো দেশ 'আশীর্বাদ'। অন্যদিকে 'অভিশাপ' হল ইরান, ইরাক, সিরিয়া ও ইয়েমেনের মতো দেশ। এভাবেই নিউ ইয়র্কে রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদে দুটি মানচিত্র তুলে ধরলেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। তবে তাঁর দেখানো কোনও মানচিত্রেই প্যালেস্টাইনের অস্তিত্বই ছিল না।নেতানিয়াহুর রাষ্ট্রসংঘে ভারতকে 'আশীর্বাদ' বলে উল্লেখ করাকেও তাৎপর্যপূর্ণ বলে মনে করছে ওয়াকিবহাল মহল। সাম্প্রতিক সময়ে ভারতের সঙ্গে ইজরায়েলের সম্পর্ক ঘনিষ্ঠ হয়েছে আরও বেশি। বিশেষত প্রতিরক্ষা ও প্রযুক্তিতে। তবে প্যালেস্টাইনকেও বরাবরই সমর্থন করে এসেছে নয়াদিল্লি। এদিকে বলে রাখা ভালো, ইহুদি দেশটির 'মারে' কোণঠাসা প্যালেস্টাইনের জঙ্গি সংগঠন হামাস। বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে খুঁজে খুঁজে নিকেশ করা হচ্ছে জেহাদিদের। গাজায় যুদ্ধ থামানোর জন্য মধ্যস্থতা করছে সৌদি আরব, মিশর, কাতারের মতো দেশ। উদ্যোগী হয়েছে আমেরিকাও। কিন্তু এখনও কোনও রফাসূত্র মেলেনি।শুক্রবার নেতানিয়াহুর হাতে থাকা দুটি মানচিত্রের একটিতে কালো রঙে চিহ্নিত করা ছিল মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ। উপরে লেখা 'দ্য কার্স'। অন্য মানচিত্রে 'দ্য ব্লেসিং' লিখে সবুজ রঙে চিহ্নিত করা ছিল কয়েকটি দেশ। স্বাভাবিক ভাবেই নেতানিয়াহুর কাছে ওঅভিশাপ্ত হয়ে ওঠা দেশের অন্যতম ইরান। তবে ভারত রয়েছে বন্ধুর তালিকাতেই।

তাঁর ভাষণে তিনি ইরানকে সরাসরি আক্রমণ করে বলেন, "আমাদের উপরে ওরা হামলা চালালে আমরাও চালাব।" তিনি ভাষণ দেওয়ার সময় বহু কূটনীতিককেই দেখা যায় ওয়াক আউট করতে। লেবানন ও গাজায় ইজরায়েলি আক্রমণ প্রসঙ্গে তাঁর যুক্তি, এই দুই হামলাই 'প্রয়োজনীয়' ছিল। হেজবোল্লার প্রতি তাঁর হুঁশিয়ারি, "হেজবোল্লা যতক্ষণ যুদ্ধের পথে হাঁটবে, ইজরায়েলের পক্ষেও সেই হুমকিকে অপসারিত করতে এছাড়া উপায় নেই।"






## উৎসবের মরশুমে মুম্বাইয়ে

### জঙ্গি হামলার আশঙ্কায় তৎপর পুলিশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উৎসবের মরশুমে মুম্বাইয়ে জঙ্গি হামলার আশঙ্কা রয়েছে। গোয়েন্দা সূত্রে এই খবর পেয়ে সর্বত্র সর্তকতা জারি করা হয়েছে।

বাণিজ্য নগরীতে জঙ্গি হামলার আশঙ্কায় সমস্ত জনবহুল স্থান সহ বিশেষত ধর্মীয় স্থানগুলিতে বাড়তি পুলিশ মোতায়েন করে নিরাপত্তা জোরদার করা হয়েছে। বহু এলাকায় প্রশিক্ষণপ্রাপ্ত কুকুর দিয়েও তল্লাশি চালানো হচ্ছে। শহরের দুটি বিখ্যাত ধর্মীয় স্থানে বিশেষত জনবহুল এলাকায় মক ড্রিল চালাচ্ছে পুলিশ। মুম্বাইয়ের ডেপুটি পুলিশ কমিশনার জানিয়েছেন, " সামনেই উৎসবের মরসুম। এরপর বিধানসভা নির্বাচন। আমরা পরিস্থিতিতে নিরাপত্তা নিশ্চিত করতে শহরের ভিড় এলাকা গুলিতে মক ড্রিল চালাচ্ছি"। পুলিশি তল্লাশির জন্য এক বিখ্যাত ধর্মীয় স্থানে দীর্ঘ সময় সমাগম বন্ধ রাখা হয়। সব মিলিয়ে যে কোন ধরনের নাশকতা রুখতে পুলিশ তৎপর।

## রবিবার সরবেড়িয়ায় সিবিআই আধিকারিকরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভরসা করা যেত চোখ বুজে। কংগ্রেসের সঙ্গে অন্যান্য দলের সেতুবন্ধনের কাজ করতেন সীতারাম ইয়েচুরি । স্মরণসভায় ইন্ডিয়া জোটের গোপন কথা বললেন কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী । একইসঙ্গে জানালেন, কীভাবে তাঁর জোরাজুরিতেই হাসপাতালে ভর্তি হয়েছিলেন সীতারাম ইয়েচুরি।রাহুল আরও বলেন, "সীতারাম আমার অত্যন্ত ভালো বন্ধু ছিলেন। কিন্তু আমার থেকেও বেশি ভাল বন্ধু ছিলেন আমার মায়ের (সনিয়া গান্ধী)। একদিন দেখলাম, সীতারাম আমার মায়ের বাড়িতে আমার মায়ের সঙ্গে কথা বলছেন। উনি খুব কাশছিলেন। কখনও সিগারেট ছাড়তে পারেননি। আমি তখনই বুঝেছিলাম, আমার মা এবং ওঁর একটা বিষয়ে অত্যন্ত মিল রয়েছে। দু'জনেরই হাসপাতাল যাওয়ার ক্ষেত্রে তীব্র অনীহা রয়েছে। আমি তখনই বলি, আপনাকে হাসপাতালে ভর্তি হতে হবে। আমি আমার অফিসের স্টাফদেরও বলি যে ওঁ (সীতারাম) যাতে হাসপাতালে ভর্তি হন, সেই বিষয়টি নিশ্চিত করতে। তখনই যে আমার বন্ধুকে শেষবারের জন্য দেখেছিলাম, তা বুঝিনি।"

এ দিন নয়া দিল্লির তালকাটোরা স্টেডিয়ামে প্রয়াত সিপিআইএম নেতা সীতারাম ইয়েচুরির স্মরণসভার আয়োজন করা হয়েছিল। সেখানে উপস্থিত ছিলেন সিপিআইএমের কর্মী-সদস্যরা। উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেস বাদে ইন্ডিয়া জোটের অন্যান্য শরিকরাও।

সীতারাম ইয়েচুরির সঙ্গে সম্পর্কের সমীকরণ বোঝাতে গিয়ে রাহুল গান্ধী বলেন, "সীতারাম ইয়েচুরি আমার বন্ধু ছিলেন। ইন্ডিয়া জোটে কংগ্রেস ও অন্যান্য রাজনৈতিক দলের মধ্যে সেতুবন্ধনের কাজ করতেন। ইন্ডিয়া এবং ইউপিএ-র কাঠামো তৈরি করেছিলেন। পর্দার আড়ালে তিনি আঠার মতো কাজ করেছিলেন। ওঁ (সীতারাম) এমন একজন ব্যক্তি ছিলেন, যাকে চোখ বুজে ভরসা করা যেত। কখনও আপোস করেননি।"

## আবহাওয়া ও জলবায়ু গবেষণার জন্য

### উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটার (এইচপিসি) ব্যবস্থার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আবহাওয়া ও জলবায়ু গবেষণার জন্য উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটার (এইচপিসি) ব্যবস্থার উদ্বোধন করেছেন। ৮৫০ কোটি টাকার এই প্রকল্পে আবহাওয়া ও জলবায়ুর পূর্বাভাস আরও নিখুঁতভাবে জানানো সম্ভব হবে। নতুন এই এইচপিসি ব্যবস্থার নামকরণ করা হয়েছে 'অর্ক' এবং 'অরুণিকা'। এর মধ্যে একটি বসানো হয়েছে পুণের ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ট্রপিক্যাল মেটিওরোলজিতে এবং অন্যটি

এরপর ৩ পাতায়

## পুলিশকর্মীর কাঁধে ভর অনুব্রতের, শুরু বিতর্ক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জনসভায় নিরাপত্তরক্ষীর কাঁধে ভর দিয়েই হাঁটাচলা করতেন তিনি। দু'বছর পরে, জামিনে জেলায় ফিরে একই ভাবে বোলপুরের দলীয় কার্যালয়ে ঢোকেন বীরভূম জেলা তৃণমূল সভাপতি অনুব্রত মণ্ডল। পুলিশকর্মীদের কাঁধে ভর রেখে অনুব্রত চলতে পারেন কি না, তা নিয়ে প্রশ্ন তুলেছেন বিরোধীরা। সিপিএমের জেলা সম্পাদক গৌতম ঘোষের কটাক্ষ, 'তৃণমূল পুলিশ, প্রশাসনকে দলের অংশ করে নিয়েছে।' বিজেপির বোলপুর সাংগঠনিক জেলা সভাপতি সন্ন্যাসীচরণ মণ্ডল বলেন, 'পুলিশ চলে শাসক দলের কথায়। তা আবারও প্রমাণিত হল।' তৃণমূলের জেলা সহ-সভাপতি মলয় মুখোপাধ্যায় বলেন, 'অনুব্রতের পায়ে ব্যথা। তাই ওঁকে সাহায্য নিতে হয়েছে। এর সঙ্গে পুলিশকর্মীকে ব্যবহারের যোগ নেই।' বীরভূম জেলা পুলিশের শীর্ষ আধিকারিক বলেন, 'নিয়ম অনুযায়ী এই কাজ করা যায় না। তবে, মানবিকতার খাতিরে কোনও পুলিশকর্মী তা করে থাকলে আলাদা বিষয়। এ নিয়ে আমাদের কাছে এখনও কেউ অভিযোগ করেনি। 'মঙ্গলবার মেয়ে সুকন্যাকে নিয়ে নিচুপট্টির বাড়িতে ফেরেন অনুব্রত। কলকাতা বিমানবন্দর থেকে তাঁদের সঙ্গী হয় পুলিশ। কারণ, রাজ্য সরকারের তরফে অনুব্রতকে নিরাপত্তা দেওয়া হয়েছে। বাড়ি ফিরে অনুব্রত জানান, তাঁর পা ও কোমরে 'বেদনা' আছে। পর দিনই পুলিশকর্মীর কাঁধে ভর দিয়ে দলীয় কার্যালয়ে ঢুকতে দেখা যায় 'কেষ্ট'কে। সেই সংক্রান্ত ভিডিয়ো ফুটেজ ছড়িয়ে পড়ায় প্রশ্ন ওঠে, কর্তব্যরত অবস্থায় পুলিশকর্মীরা এ ভাবে সাহায্য করতে পারেন কি? তবে শুক্রবার, নিজের গ্রামের বাড়িতে গিয়েছিলেন অনুব্রত ও সুকন্যা। সেখানে নিজেই হাঁটাচলা করেছেন।







## রানী রাসমণির ২৩২-তম জন্মদিনে

### রানী রাসমণি ধাম গঠনের প্রস্তাব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকমাতা রাণী রাসমণির ২৩২-তম জন্মদিন পালন অনুষ্ঠানে রাসমণি ধাম গঠনের প্রস্তাব নেওয়া হলো। লোকমাতা রানী রাসমণি আবির্ভাব তিথি উদযাপন কমিটির উদ্যোগে হালিশহরের নিকটবর্তী চরনন্দনবাটি রানী রাসমণি ঘাট সংলগ্ন জগন্মাতা রামকৃষ্ণ সেবাশ্রম সঙ্ঘ আশ্রমের মাঠে এই অনুষ্ঠান হয়। অনুষ্ঠানের মুখ্য ব্যবস্থাপক সিদ্ধানন্দ পুরকাইত এই প্রস্তাব পেশ করেন। তিনি জানান যে,রানী রাসমণি চর্চার স্থায়ী কেন্দ্র গঠনের প্রস্তাব দেন। এই কেন্দ্র থেকে রানী রাসমণির জীবনাদর্শ চর্চা কেন্দ্র হিসাবে এই ধাম কাজ করবে। একই সঙ্গে শিক্ষা, সংস্কৃতি ও সেবা মূলক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে অনগ্রসর সমাজের উন্নয়নে বিশেষ নজর নেওয়া হবে। সকালে বর্ণাঢ্য শোভাযাত্রা চরনন্দনবাটি, শহীদ পল্লী, বাগমোড়, পৈত্রিক নিবাস গোলাবাড়ি প্রভৃতি এলাকা পরিক্রমা করে। হালিশহরের বাগমোড়ে অবস্থিত রানী রাসমণির মূর্তিতে পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন স্বামী কালীকৃষ্ণানন্দ মহারাজ এবং রানী রাসমণির সংক্ষিপ্ত জীবনাদর্শ আলোচনা প্রসঙ্গে তাঁকে ভারতীয় ধর্ম সংস্কৃতির নবজাগরণের প্রতীক বলে চিহ্নিত করেন বিশিষ্ট আইনজীবী তপনকান্তি মণ্ডল। এরপর মূল মঞ্চে নক্ষত্র সমাবেশ ঘটে। চিকিৎসক, অধ্যাপক, শিল্পী, সাহিত্যিক আইনজীবী, প্রযুক্তিবিদ, প্রাক্তন পুলিশ অধিকর্তা প্রমুখ বহু গুণী মানুষের সমাগম ঘটে। পশ্চিম বঙ্গের প্রায় সকল জেলার ভক্ত অনুরাগী ও সাধারণ মানুষ এই অনুষ্ঠানে যোগ দেন। সভায় রানী রাসমণির জীবনের নানা দিক নিয়ে পর্যালোচনা করেন স্বামী পরমাত্মানন্দ পুরী, অধ্যাপক ডঃ ভাস্কর মহানায়ক, ডঃ জয়দেব বিশ্বাস, ডঃ কুঞ্জবন বিশ্বাস, সুপ্রিম কোর্টের আইনজীবী অরুণ কুমার মাজী, ডাঃ বৈদ্যনাথ মণ্ডল, ডঃ অমিয় সামন্ত, আই,পি, এস ,(অবসরপ্রাপ্ত) প্রমুখ। স্বাগত ভাষণ দেন আয়োজক সংস্থার উপদেষ্টা লোহারাম রায়। এছাড়াও উপস্থিত ছিলেন কোচবিহার থেকে অধ্যাপক অভিজিৎ গোলুই, মুর্শিদাবাদের আইনজীবী অনিকেত জোয়ারদার, ডায়মন্ড হারবারের নীহার রঞ্জন মণ্ডল, অধ্যাপক ডঃ অমিয় বাউল, সঙ্গীত পরিবেশন করেন দীপান্বিতা দাস বিশ্বাস, মনালি পুরকাইত, সত্যরঞ্জন বিশ্বাস এবং রানাঘাট সিঙ্গার্স অ্যাসোসিয়েশনের শিল্পীরা। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্বামী শ্রীধরানন্দ মহারাজ।

## স্বচ্ছ ভোটদানের লক্ষ্যে নতুন নিয়ম

### চালু করতে চলেছে নির্বাচন কমিশন




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** নির্বাচন সংক্রান্ত একাধিক পদক্ষেপ সময় কমিশন নিলেও স্বচ্ছ নির্বাচন চ্যালেঞ্জের বিষয়ে হয়ে দাঁড়ায়। আবার অনেক সময় একাধিক ইস্যুতে প্রশ্নের মুখে বারবার পড়তে হয়েছে নির্বাচন কমিশনকে। তাই বড় পদক্ষেপের পথে পা বাড়িয়েছে নির্বাচন কমিশন।

নির্ভুল ভোটার তালিকা তৈরি থেকে স্বচ্ছ নির্বাচন সহ ভোটার চিহ্নিতকরণের ক্ষেত্রে অনেক ক্ষেত্রেই চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয় কমিশনকে। এইসব রুখতে দফায় দফায় জরুরি বৈঠক করে নির্বাচন কমিশন। বৈঠকের শেষে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে এবার ভোটার কার্ডের সঙ্গে আধার কার্ড লিঙ্ক বাধ্যতামূলক করতে হবে। নির্বাচন কমিশন যে নিয়ম চালু করতে চলেছে তাতে ভোট দিতে গেলে ভোটার আই কার্ড এর সঙ্গে আধার কার্ডও রাখতে হবে। ভোট দান কক্ষ বা বুথের বাইরে একটি মেশিন থাকবে। যে মেশিনের মাধ্যমে পরীক্ষা করা হবে আধার কার্ডের সঙ্গে ভোটার কার্ডটি লিংক করা হয়েছে কিনা। যদি ভোটার কার্ডের সঙ্গে আধার কার্ডের লিংক না থাকে তাহলে ওই মেশিনের মাধ্যমে তা সঙ্গে সঙ্গে করে নেওয়া যাবে। । তবেই সেই উক্ত ভোটার আর অধিকার পাবেন। তাছাড়া নির্দিষ্ট অ্যাপ অথবা ওয়েবসাইটের মাধ্যমেও ভোটাররা লিংক করাতে পারবেন।

নির্বাচন কমিশন মনে করছে এই নিয়ম চালু হলে একদিকে যেমন নির্ভুল ভোটার তালিকা তৈরি করা সম্ভব হবে অন্যদিকে ভুয়ো ভোটারও ধরা যাবে। এর পাশাপাশি নির্বাচন প্রক্রিয়াও অনেক স্বচ্ছ হবে বলে মনে করা হচ্ছে।

চলতি বছরেই দেশজুড়ে লোকসভা নির্বাচন হয়েছে। সেখানে ভোটার তালিকায় যেমন দেখা গেছে ভুয়া ভোটারের নাম তেমনি দেখা গেছে অনেক মৃত ব্যক্তির নাম তালিকায় রয়েছে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে এখনো পর্যন্ত যে ভোটার তালিকা রয়েছে তার মধ্যে অনেক এবং মৃত ভোটারের নাম রয়েছে।

প্রতিবছরের মতো এই বছরেও ১২ই নভেম্বর থেকে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হয়ে ডিসেম্বর মাস পর্যন্ত চলবে। আগামী বছর জানুয়ারি মাসের মধ্যে নতুন তালিকা প্রকাশিত হবে, সেই জন্য নির্বাচন কমিশন তড়িঘড়ি খসড়া ভোটার তালিকা প্রকাশ করার আগেই এই নতুন নিয়ম চালু করতে চলেছে।

১-ম পাতার পর

# মমতার ওপর গরিব মানুষের আস্থা ও ভরসা আরও দৃঢ় হয়েছে, চিন্তায় বিজেপি

পর্যবেক্ষকরা মনে করছেন, এই আন্দোলনে সরকার সমালোচিত হলেও ভোটের অঙ্কে শাসক দলের তেমন কোনও ক্ষতি হয়নি। নেপথ্যে সেই মমতাই। মানুষ আরও বেশি করে মমতার ওপর নির্ভরশীল হয়েছেন। তা সে স্বাস্থ্যসাথীর জন্য হোক কী লক্ষ্মীর ভাণ্ডারের জন্য।সাধারণ মানুষের সেই বোধ থেকেই বিজেপিও বুঝতে পারে গণআন্দোলন(গধংং গড়াবসবহঃ) থেকে রাজনৈতিক ফায়দা তাঁরা ঘরে তুলতে পারবে না। আর জি কর কাণ্ডের জেরে রাজ্য রাজনীতিতে যে সমীকরণ বদলে গিয়েছে সেটাই এখন বঙ্গ বিজেপিকে ভাবিয়ে তুলেছে। সব থেকে বড় কথা বিজেপি এখন হাড়ে হাড়ে টের পাচ্ছে, আর জি কর কাণ্ডকে ঘিরে জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির ঘটনা আদতে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ওপর গরিব মানুষের আস্থা ও ভরসা আরও দৃঢ় করে দিয়েছে। তাঁরা বুঝে গিয়েছেন, তাঁদের জন্য মমতা ছাড়া আর কেউ নেই।চলতি বছরের লোকসভা নির্বাচনের আগে, বিজেপির শ্লোগান ছিল, 'আবকে বার ৪০০ পার'। কিন্তু দেশের জনগন তাঁদের ২৪০টি আসন দিয়েই থামিয়ে দিয়েছে। গতবারের থেকে ৬০টিরও বেশি আসন কমে গিয়েছে বিজেপির। দেশে এখন আর বিজেপির একক শক্তির সরকার নেই। জোড়াতাপ্পি দিয়ে একটা সরকার চালাতে হচ্ছে কেন্দ্রে। ধাক্কা এসেছে বাংলাতেও। ১৮ কমে হয়েছে ১২। সেই ধাক্কার পরে আর জি কর কাণ্ড ঘিরে বিজেপি চেয়েছিল বাংলার সরকারকে ফেলে দিতে। পারেনি, সেটা শুধুমাত্র মমতার জন্য। ধীর, স্থির, শান্তভাবে, বার বার ডাক্তারদের বার্তা দিয়ে গিয়েছেন মমতা। কর্মবিরতি তুলে নেওয়ার জন্য। ডাক্তারদের কর্মবিরতির জেরে রাজ্যের প্রতিটি মেডিকেল কলেজ এবং হাসপাতালে যে অচলাবস্থা তৈরি হয়েছিল তাতে প্রচণ্ড দুর্ভোগের শিকার হয়েছে গরিব মানুষ। অনেকে চিকিৎসা না পেয়ে মারা গিয়েছেন। সেই অবস্থায় চিকিৎসকদের আন্দোলনকে মুখ্যমন্ত্রী সমর্থন করেও স্বাস্থ্য পরিষেবা স্বাভাবিক রাখার সবরকম চেষ্টা চালিয়ে ছিলেন। অপমান সহ্য করেও সমাধানসূত্র বের করার চেষ্টা করেছেন এবং পেরেছেন। তাতে হয়তো 'মমতা হ্যায় তো মুমকিন হ্যায়' শ্লোগান ওঠেনি, কিন্তু তাঁকে ঘিরে গরিব মানুষের আস্থা ও ভরসা আরও দৃঢ় হয়েছে। এটাই বিজেপিকে সব থেকে কঠিন পরিস্থিতিতে ফেলে দিয়েছে।

২ পাতার পর

# আবহাওয়া ও জলবায়ু গবেষণার জন্য উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটার (এইচপিসি) ব্যবস্থার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

বসানো হয়েছে নয়ডার ন্যাশনাল সেন্টার ফর মিডিয়াম রেঞ্জ ওয়েদার ফোরকাস্টিং-এ। এই কম্পিউটিং ব্যবস্থায় কৃত্রিম বুদ্ধিমত্তা এবং মেশিন লার্নিং-এর মতো উন্নত প্রযুক্তি ব্যবহারের সুবিধা রয়েছে। কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রকের উচ্চ রেজোলিউশনের এই কম্পিউটার ব্যবস্থার মাধ্যমে সাইক্লোন, বজ্রবিদ্যুৎ, শিলাবৃষ্টি, তাপপ্রবাহ, খরা সহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস অত্যন্ত নিখুঁতভাবে মানুষের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে।

## কানাডা, চিলি এবং মালেশিয়ার মত দেশে এবার ছুটবে ভারতের তৈরি বন্দে ভারত




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দেশীয় প্রযুক্তিতে তৈরি বন্ধে ভারত এক্সপ্রেস কেনার হিড়িক পড়ে গেছে বিদেশেও। একাধিক দেশ সেই লাইনে আছে বলে জানা গেছে। ভারতে তৈরি 'তেজস' এখন বিশ্ববন্দিত। গোটা বিশ্বেই নরেন্দ্র মোদি সরকারের 'মেক ইন ইন্ডিয়া' প্রশংসিত হয়েছে। ভারতের একাধিক রুটেও দেশীয় পদ্ধতিতে তৈরি 'বুলেট' যথেষ্ট নজর কেড়েছে। বিশেষজ্ঞরা মনে করছেন এখন শুধু সময়ের অপেক্ষা এবার অন্যান্য দেশেও এই ট্রেন ছুটবে। একাধিক দেশ যেমন কানাডা, চিলি এবং মালেশিয়ার মত দেশ ভারতের তৈরি এই বন্দে ভারত কেনার জন্য আগ্রহ দেখিয়েছে। বিশেষজ্ঞ সূত্রে জানা গেছে অন্য কোন দেশে ট্রেনের ফিচারের সঙ্গে বন্ধে ভারতের ফিচারের মধ্যে মিল থাকলেও সেটির দাম ১৬০ - ১৮০ কোটি টাকার মধ্যে পড়বে।, সেই তুলনায় বন্দে ভারতের দাম পড়বে ১২০ - ১৩০ কোটি টাকা। যা অনেকটাই কম। এছাড়াও আছে গতি। বন্দে ভারত ট্রেনের ০ থেকে থেকে ১০০ কিমি প্রতি ঘন্টায় পৌঁছতে মাত্র ৫২ সেকেন্ড সময় লাগে। যা জাপানের বুলেট ট্রেনের থেকেও বেশি। জাপানের বুলেট ট্রেন ০ থেকে ১০০ কিমি প্রতি ঘন্টায় ৫৪ সেকেন্ড সময় লাগে। তাছাড়া ডিজাইনের দিক থেকেও অনেকটাই এগিয়ে আছে ভারতের তৈরি বন্দে ভারত। এমনকি বিমানের মত এই ট্রেনে কোন আওয়াজ অথবা ঝাঁকুনিও নেই। বিদ্যুৎ খরচও কম। তাই খুব শীঘ্রই ভারতের তৈরি বন্দে ভারত বিদেশেও ছুটতে দেখা যাবে। তাই বিদেশে রপ্তানির বিষয়টি আলোচনার স্তরে রয়েছে।

## মায়ের কোল থেকে শিশু ছিনতাই শিম্পাজির, টুকরো টুকরো করল দেহ!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিম্পাজির মাথা বিগড়োলে কী কী হতে পারে? আমাদের কারওর সেই ধারণা নেই। তবে গিনিতে এমন একটি মর্মান্তিক ঘটনা ঘটেছে, যার পরে শিম্পাজিকে মানুষের বন্ধু হিসাবে ভাবতে কষ্ট হবে। ঘটনাটি পুরো জানলে শিউরে উঠবে সবাই।শিশুটির লাশ দেখে চমকে গিয়েছিলেন সবাই। সাধারণত, মানুষ যে সমস্ত ছোটখাটো যন্ত্রাংশ ব্যবহার করে, শিম্পাজিকে শিখিয়ে দিলে সেটা তারাও ব্যবহার করতে পারে। বনকর্মীদের ধারণা, কোনও ধারালো অস্ত্র দিয়ে শিশুটিকে টুকরো টুকরো করেছে শিম্পাজি। গোটা ঘটনায় ক্ষেপে যায় সাধারণ মানুষ। তারা ওই অঞ্চলের চিড়িয়াখানা ভাঙচুর করে। পুড়িয়ে দেওয়া হয় একাধিক ডকুমেন্ট।

কিন্তু শিম্পাজির এতটা সাহস এলো কোথা থেকে। খুব ভালো সম্পর্ক না হলে সাধারণত মানুষের থেকে তারা দূরেই থাকে। এবিষয়ে মুখ খুলেছেন বাঁনর বিশেষজ্ঞ জেন ইয়ামাকোশি। তাঁর মতে, শিম্পাজিরা আগে মানুষকে অল্প হলেও ভয় পেত। তাই মিলেমিশে থাকত তারা। এখন পরিস্থিতি বদলেছে। তারা এত বেশি মানুষের সংস্পর্শে এসে গিয়েছে যে সেই ভয়টাই আর নেই। তার উপর খাবারের জন্য লড়াই তো আছেই। এই কারণগুলোই এদের আগ্রাসী করে তুলছে।তারপর টানতে টানতে নিয়ে যায় জঙ্গলের ভিতর। সেখানে কামড়ে, আচড়ে টুকরো টুকরো করে শিশুটিকে। পরে যখন দেহটি উদ্ধার করতে যায় বনকর্মীরা, তারা রীতিমতো ভয় পেয়ে গিয়েছিল। মেয়ের অবস্থা থেকে আর্তনাদ করতে শুরু করেন মা। বারবার জ্ঞান হারিয়ে ফেলছিল সে।

ডেইল স্টার নিউজ ওয়েবসাইটে জানানো হয়েছে, মায়ের কোল থেকে ছিনিয়ে নেওয়ার পর প্রায় তিন কিলোমিটার শিশুটিকে টেনে হিঁচড়ে নিয়ে যায় শিম্পাজিটি। তার নাম জেজে। শিশুটির নাম রাখা হয়েছিল হেলেন। ঘটনাটি হল কীভাবে? জানা গিয়েছে, মেয়েকে নিয়ে মা গিয়েছিলেন শিমূল আলু তুলতে। সেই সময় পিছন থেকে আক্রমণ করে শিম্পাজিটি। প্রথমে মহিলাকে কামড় বসায়, তারপর শিশু কন্যাটিকে ছিনিয়ে নিয়ে চলে যায় বনের ভিতর। নিম্বা মাউন্টেইন নেচার রিসার্ভ থেকে প্রায় তিন কিলোমিটার দূরে পাওয়া যায় বাচ্চাটির মৃতদেহ।

## গরুকে বাঁচাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত শিশু-সহ একই পরিবারের ৪ জন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মানুষের মৃত্যু এমনও মর্মান্তিক হতে পারে কে জানত! গরু কে বাঁচাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা গেল এক শিশুসহ একই পরিবারের চার জন। ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ি জেলার রাজগঞ্জের টাকিমারি ধূপগুড়ি বস্তিতে।বাড়ির সামনে এ ঘটনা যখন ঘটছে তখন পরেশ দাস বাড়িতেই ছিলেন। গরু ও ছেলের অবস্থা থেকে তাঁদের উদ্ধার করতে নামেন পরেশ। কিন্তু অন্ধকারের মধ্যে বিদ্যুতের শক থেকে তিনিও রক্ষে পাননি। সবচেয়ে মর্মান্তিক ঘটনা ঘটে এর পর। স্বামী ও ছেলেকে আক্রান্ত দেখে নাতি সুমনকে কোলে নিয়ে বেরিয়ে আসেন পরেশ দাসের স্ত্রী দিপালী দাস। ঠাকুমা ও নাতি দুজনেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান। সুমনের বয়স মাত্র আড়াই বছর। পরেশ দাসের বয়স ৬২। বড় ছেলে মিঠুনের বয়স ৩২ আর দিপালীর বয়স ৫৫ বছর।

চার জনের দেহ উদ্ধার করে শিলিগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যায় পুলিশ। তাঁদের মৃত বলে ঘোষণা করা হয়।সে খবর চাউর হতে উত্তরবঙ্গ জুড়ে শোকের ছায়া নেমে এসেছে। ঘটনার ভয়বহতার বিষয়টি তো রয়েছেই, তা ততোধিক মর্মান্তিকও বটে।

ভোরের আলো থানার পুলিশ জানিয়েছে, বাড়িতে হুকিং করে লাইট জালাতেন মৃত পরেশ দাস। শুক্রবার সন্ধেয় মাঠে গরু চড়িয়ে ফিরছিলেন পরেশের বড় ছেলে মিঠুন দাস। অন্ধকারের মধ্যে তিনি দেখতে পাননি যে হুকিংয়ের তারের একটি উন্মুক্ত অংশ বাড়ির সামনে জমা জলের মধ্যে পড়ে রয়েছে। ওই জলে পা দিয়েই বিদ্যুৎস্পৃষ্ট হয় গরুটি। অসহায় প্রাণীটি ছটপট করতে থাকে। তাকে বাঁচাতে ছুটে যান মিঠুন। সঙ্গে সঙ্গে মিঠুনও বিদ্যুৎস্পৃষ্ট হন।

## ধৃতদের না ছাড়লে দেহই নেব না'! মৃতার পরিবার, প্রতিবেশীদের বিক্ষোভেও পাল্টা উত্তেজনা সাগর দত্তে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সাগর দত্ত মেডিক্যাল কলেজের ঘটনায় চার জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের না ছাড়লে মৃতার দেহ তারা নেবে না, দাবি পরিবারের। রাস্তায় শুয়ে কান্নাকাটি করতেও দেখা যায় মৃতার পরিবারের সদস্যদের। সঙ্গে রয়েছেন প্রতিবেশীরাও। তাঁদের বিক্ষোভে উত্তাল হাসপাতাল চত্বর। অন্য দিকে, নিরাপত্তা-সহ বেশ কয়েক দফা দাবিতে কর্মবিরতিতে ওই হাসপাতালের জুনিয়র ডাক্তারেরা।অন্য দিকে, শুক্রবার রাত থেকেই হাসপাতালে কর্মবিরতি শুরু করেছেন জুনিয়র ডাক্তারেরা। হাসপাতাল চত্বরে চলছে ধর্নাও। বহির্বিভাগ বা জরুরি বিভাগে আপাতত পরিষেবা বন্ধ রেখেছেন তাঁরা। সকালে তাঁদের আন্দোলনে যোগ দেন হাসপাতালের নার্স এবং মহিলা স্বাস্থ্যকর্মীরা। তাঁদের দাবি, যথাযথ নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। নিরাপত্তা ব্যবস্থা ঠিক থাকলে রোগীর এত পরিজন একসঙ্গে কী ভাবে হাসপাতালের উপরের তলায় উঠলেন, সেই নিয়ে প্রশ্ন তুলেছেন বিক্ষোভরত নার্সেরা।রাত থেকেই হাসপাতাল চত্বরে বিক্ষোভ দেখাচ্ছেন তাঁরা।

শুক্রবার রাতে এক রোগীর মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় সাগর দত্ত মেডিক্যাল কলেজে। রঞ্জনা সাউ নামে এক মহিলাকে হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। শ্বাসকষ্টজনিত সমস্যায় ভুগছিলেন তিনি। অভিযোগ, হাসপাতালে আনার পরেও রোগীর কোনও রকম চিকিৎসা হয়নি। ঘণ্টার পর ঘণ্টা ফেলে রাখা হয়েছিল। শেষে তাঁর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় স্বাস্থ্যকর্মীরা অক্সিজেন সিলিন্ডারের ব্যবস্থা করেছিলেন। কিন্তু তাতেও কোনও লাভ হয়নি। হাসপাতালেই মৃত্যু হয় রঞ্জনার। তাঁর মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই হাসপাতালে বিশৃঙ্খলা সৃষ্টি হয়।

অভিযোগ, রোগীর পরিবারের সদস্যেরা হাসপাতালের চারতলায় উঠে গিয়ে জুনিয়র

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৬৬ সংখ্যা ২৯ সেপ্টেম্বর, ২০২৪ রবিবার ১২ আশ্বিন, ১৪৩১

## সম্পাদকীয়

# রেশন দুর্নীতি যেন 'চল্লিশ চোরে'র সম্পদের ভাণ্ডার

এক হাজার কোটির আর্থিক লেনদেনের হদিশ রেশন দুর্নীতি মামলায়। লেনদেন হত দুর্নীতিতে অভিযুক্ত আনিসুর রহমান ও আলিফ নূরের মাধ্যমে। জ্যোতিপ্রিয় মল্লিক ও বাকিবুর রহমানের সঙ্গেও আর্থিক সম্পর্কের হদিশ মিলেছে ধৃত দুজনের। শনিবার আদালতে জমা দেওয়া তৃতীয় চার্জশিটে এমনই চাঞ্চল্যকর তথ্য দিয়েছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট।দীর্ঘদিন ধরেই রেশন দুর্নীতি মামলার তদন্ত চালাচ্ছে ইডি। তদন্ত হাতে পেয়েই একাধিক জায়গায় তল্লাশি করেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। জেরা করা হয় একাধিক সন্দেহভাজনকে। রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঘনিষ্ঠ বাকিবুর রহমানকে গ্রেপ্তার করা হয়। পরবর্তীতে জ্যোতিপ্রিয়কেও গ্রেপ্তার করা হয়। ধৃতের তালিকায় ছিলেন বনগাঁ পুরসভার প্রাক্তন পুরপ্রধানও। সম্প্রতি রেশন দুর্নীতি মামলায় বাকিবুর-সহ কয়েকজন জামিন পেয়েছেন। কারণ হিসেবে উঠে এসেছে, দুর্নীতির সঙ্গে তাঁদের সরাসরি কোনও যোগ মেলেনি। এমনকী দুর্নীতির অর্থ তাঁদের ব্যবসায় ব্যবহারের কোনও প্রমাণ মেলেনি।রেশন দুর্নীতির তদন্তে নেমে ২ আগস্ট রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঘনিষ্ঠ তথা বাকিবুর রহমানের আত্মীয় দুই ভাই আনিসুর ও আলিফকে গ্রেপ্তার করে ইডি। গ্রেপ্তারির আগে দেগঙ্গার ব্যবসায়ীর বাড়ি, ধান ও চালকলে অভিযান চালিয়েছিল তদন্তকারী আধিকারিকরা। সেই দুর্নীতি মামলায় আজ মেট্রো পলিটন ম্যাজিস্ট্রেটের এজলাসে ১৫৭ পাতার তৃতীয় সাপ্লিমেন্টারি চার্জশিট জমা দেয় ইডি। সঙ্গে তিন হাজার পাতার নথিও জমা দেওয়া হয়েছে।অতিরিক্ত চার্জশিটে ইডির দাবি, রেশন দুর্নীতির এক হাজার কোটি টাকার লেনদেন হয়েছে আনিসুর ও আলিফের মাধ্যমে। দুই ব্যবসায়ীর সঙ্গে অর্থের বেশকিছুটা লেনদেন হয়েছে জ্যোতিপ্রিয় মল্লিক ও বাকিবুর রহমানের সঙ্গেও। দুই ভাইয়ের নাম রয়েছে চার্জশিটে। নাম রয়েছে দুই রেশন ডিস্ট্রিবিউটার ও চারটে সংস্থারও। ইডির দাবি, এই দুর্নীতির তদন্তে নেমে তাঁরা এখনও পর্যন্ত সাড়ে তিনশোরটির বেশি ব্যাঙ্ক অ্যাকাউন্টের খোঁজ পেয়েছে। যার মাধ্যমে কোটি কোটি টাকার হাতবদল হয়েছে। আর এই লেনদেনর পুরো বিষয়টিই দেখতেন আলিফ ও আনিসুর। চার্জশিটে সেই তথ্যই তুলে ধরল ইডি।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(নবম পর্ব)



হয়। যেহেতু মন্দিরটি ভিতরেই ছোট, তাই মন্দিরের বেদীর সম্পূর্ণ দৃশ্যে একটি পৃথক ভবন, নিকটবর্তী ভোগ ঘরে খাবারের নৈবেদ্য তৈরি করা হয়। এইভাবে নিবেদিত হয়ে আশীর্বাদপ্রাপ্ত খাবারটি সমস্ত দর্শনার্থীদের প্রসাদ হিসাবে বিতরণ করা হয়।

আদ্যাস্তোত্রম ওঁ নমঃ আদ্যায়ৈ
শৃণু বৎস্য প্রবক্ষ্যামি আদ্যাস্তোত্রং মহাফলম্।
যঃ পঠেৎ সততং ভক্ত্যা স এব নিষ্ণুবল্লতঃ।।
মৃত্যুব্যাধিভয়ং তস্য নাস্তি কিঞ্চিৎ কলৌযুগে।
অপুত্রা লভতে পুত্রং ত্রিপক্ষং শ্রবণং যদি।।
দ্বৌ মাসৌ বন্ধনান্মুক্তি বিপ্রর্বক্ত্রাক্তাৎ শ্রতং যদি।
মৃতবৎসা জীববৎসা যন্মাসং শ্রবণং যদি।।
নৌকায়াং সঙ্কটে যুদ্ধে পঠনাজ্জয়মাপ্নুয়াৎ।
লিখিত্বা স্থাপয়েদ্ গেহে নাগ্নিচৌরভয়ং ক্বচিৎ।।
রাজস্থানে জয়ী নিত্যং প্রসন্না সর্বদেবতাঃ।
ওঁ হ্রীং ব্রহ্মানী ব্রহ্মলোকে চ বৈকুণ্ঠে সর্বমঙ্গলা।।
ইন্দ্রাণী অমরাবত্যামম্বিকা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# নাসরুল্লাহকে হত্যা, যা বললেন খামেনি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইসরায়েলের হামলায় নিহত হয়েছেন লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর মহাসচিব হাসান নাসরুল্লাহ। এই ঘটনায় কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি।

খামেনি বলেছেন, ইসরায়েলের জানা উচিত লেবাননে হিজবুল্লাহর শক্তিশালী অবস্থানের উল্লেখযোগ্য কোনো ক্ষতি করার জন্য তারা খুবই নগণ্য। শনিবারের বিবৃতিতে খামেনি বলেছেন, ইসরায়েলি গণহত্যা সত্ত্বেও প্রতিরোধ বাহিনী এই অঞ্চলের ভাগ্য নির্ধারণ করে। খামেনির ভাষায়, 'লেবাননে প্রতিরক্ষাহীন মানুষ হত্যার ঘটনা আবারও সকলের কাছে ইহুদিবাদী উন্মত্ত কুকুরের হিংস্রতা প্রকাশ করেছে এবং দখলকারী শাসকগোষ্ঠীর নেতাদের অদূরদর্শীতা এবং মূর্খ নীতির প্রমাণ দিয়েছে।'

খামেনির দাবি, গণহত্যা চালিয়েও প্রতিরোধ আন্দোলনগুলোকে ব্যর্থ করতে পারবে না ইসরায়েল। খামেনি বলেছেন, এখন তারা লেবাননেও (গাজার) মতোই একই ধরনের নির্বোধ নীতি নিয়েছে।... এই অঞ্চলের সব প্রতিরোধ গোষ্ঠী হিজবুল্লাহর সাথে আছে এবং তাদের সমর্থন করছে।'

লেবাননের রাজধানী বৈরুতসহ বিভিন্ন এলাকায় গতকাল শুক্রবার রাতভর বিমান হামলা চালায় ইসরায়েল। দেশটি জানায়, হিজবুল্লাহর কমান্ড সেন্টারে সংগঠনটির নেতা হাসান নাসরুল্লাহসহ অন্য নেতাদের লক্ষ্য করে এ হামলা চালানো হয়েছে। এরপর নাসরুল্লাহকে হত্যার দাবি করে ইসরায়েল বাহিনী। পরে হিজবুল্লাহও নাসরুল্লাহর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে।

# কুনাল বা দেব কি দলের অনুমতি নেয়

# সাসপেন্ড হওয়ার পর প্রশ্ন রাজন্নার

**বেবি চক্রবর্ত্তী: কলকাতা : নিউজ সারাদিন :** আরজি করের ঘটনা নিয়ে ছবি তৈরি 'দলবিরোধী' এই মর্মে বিজ্ঞপ্তি দিয়েই সাসপেন্ড করা হয় তৃণমূলের যুবনেত্রী রাজন্যা হালদারকে। সাসপেন্ড করা হয়েছে এই ছবির প্রযোজক ও তৃণমূল ছাত্র পরিষদের আর এক নেতা তথা রাজন্যার স্বামী প্রান্তিক চক্রবর্তীকেও। কিন্তু তারপরেও শর্টফিল্ম নিয়ে নিজের অবস্থান থেকে সরতে নারাজ 'আগমনী তিলোত্তমার গল্প ছবির অভিনেত্রী রাজন্যা এবং পরিচালক প্রযোজক প্রান্তিকও। শুক্রবার তাঁদের ছবির পোস্টার প্রকাশ্যে আসার পরই বিতর্ক শুরু হয়। এমন এক স্পর্শকাতর বিষয় নিয়ে ছবি তৈরিতে সায় নেই তৃণমূলের। এই বিষয়ে সংবাদ মাধ্যমকে রাজন্যা জানালেন, তাঁদের ছবিতে কোনও পরিবর্তন আনা হচ্ছে না। রাজন্যা হালদারের স্পষ্ট বক্তব্য, "দলের অনুমতি নেওয়ার মতো বিষয় ছিল না!" বরং উল্টে তিনি প্রশ্ন তুলেছেন দলের বেশ কিছু কার্য-কারণে। তাঁর প্রশ্ন, "কুণাল ঘোষ যখন গান লেখেন, দেব যখন সিনেমা করেন, তখন দলের অনুমতি নেন?ছবি তৈরি করে আমি যদি বলতে না পারি, কোন সময়কালের ঘটনা তুলে ধরছি, তা হলে তো কোনও প্রাসঙ্গিকতাই থাকবে না'।

# পাকিস্তান অধিকৃত কাশ্মীর দখল করার হুমকি দিলেন যোগী আদিত্যনাথ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জম্মু ও কাশ্মীরের বিধানসভা নির্বাচনে বিজেপি জিতলেই পাকিস্তান অধিকৃত কাশ্মীর ভারতের অংশ হবে বলে মন্তব্য করেছেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বৃহস্পতিবার (২৬ সেপ্টেম্বর) কাশ্মীরের আরএস নির্বাচনী আসনে সফরকালে তিনি দাবি করেছেন, পাকিস্তান অধিকৃত (আজাদ) কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ। চিরকাল আন্তর্জাতিক মঞ্চে এমনটাই বলে এসেছে ভারত। মুখে বলে কাজ হয়নি। এবার কাজে করিয়ে দেখাবে ভারত।

এর আগে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা দাবি করেছিলেন, বিজেপি ৪০০ আসনে জিতলে আজাদ কাশ্মীর ভারতের অন্তর্ভুক্ত হবে। এবার কাশ্মীরে বিধানসভা ভোটের প্রচারে গিয়ে সেই স্পর্শকাতর বিষয়টিকেই হাতিয়ার করলেন যোগী।

তিনি বলেন, পাকিস্তান এখন ভিখারিতে পরিণত হয়েছে। তারা নিজেরদেরই সামলাতে পারছে না, অধিকৃত কাশ্মীর কী করে সামলাবে? পাকিস্তান অধিকৃত কাশ্মীরের বাসিন্দারাই এখন পাকিস্তানের হাত থেকে মুক্ত হওয়ার জন্য আন্দোলন করছেন।

জম্মু-কাশ্মীরের বিধানসভা নির্বাচনে ২৬ আসনে মোট তিন হাজার ৫০২টি ভোটকেন্দ্রে গত বুধবার দ্বিতীয় দফার ভোটগ্রহণ করা হয়। এতে ভোট দিয়েছেন মোট ৫৬ দশমিক ০৫ শতাংশ ভোটার। এই দফায় মোট প্রার্থীসংখ্যা ২৩৯।

# সতীপীঠের অন্যতম কামাখ্যা




-: মৃত্যুঞ্জয় সরদার :-

এখন যে মৌচাক আকারের চূড়াটি দেখা যায় তা নিম্ন অসমের মন্দির স্থাপত্যের একটি অন্যতম বৈশিষ্ট্য। মন্দিরের বাইরে গণেশ এবং অন্যান্য হিন্দু দেবদেবীদের মূর্তি খোদিত আছে। মন্দিরের তিনটি প্রধান কক্ষ। পশ্চিমের কক্ষটি বৃহৎ এবং আয়তাকার। সাধারণ তীর্থযাত্রীরা এটি পূজার জন্য ব্যবহার করেন না। মাঝের কক্ষটি বর্গাকার। এখানে দেবীর একটি ছোটো মূর্তি আছে।

ক্রমশঃ

# দিল্লিতে চার কন্যা-সহ 'রহস্যমৃত্যু' একই পরিবারের পাঁচ জনের!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : একই পরিবারের পাঁচ সদস্যের লাশ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়াল দিল্লির বসন্তকুঞ্জের রংপুরী এলাকায়। পুলিশ সূত্রের খবর, মৃতদের মধ্যে রয়েছেন এক ব্যক্তি এবং তার চার কন্যা। প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে, চার কন্যাকে খুন করে ওই ব্যক্তি আত্মঘাতী হয়েছেন। আত্মহত্যা না কি মৃত্যুর নেপথ্যে অন্য কোনও রহস্য রয়েছে, তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।

দিল্লি পুলিশ জানিয়েছে মৃতেরা হলেন, হীরালাল শর্মা (৪৬) এবং তার চার কন্যা নীতু (২৬), নিক্কি (২৪), নীরু (২২) এবং নিধি (২০)। হীরালাল পেশায় ছিলেন কাঠের মিস্ত্রি। তার চার কন্যার মধ্যে দু'জন বিশেষ ভাবে সক্ষম। আর্থিক অনটনের কারণে হীরালাল মানসিক অবসাদগ্রস্ত হয়ে এমন ঘটনা ঘটাতে পারেন কি না, খতিয়ে দেখা হচ্ছে। মৃতদের কারও শরীরে কোনও আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। হীরালালের ফ্ল্যাট থেকে তিনটি বিষের প্যাকেট, পাঁচটি গ্লাস এবং একটি সন্দেহজনক তরল পদার্থ পাওয়া গিয়েছে।

হীরালালের চার কন্যার পেট ও গলায় লাল সুতো বাঁধা ছিল বলে জানিয়েছে পুলিশ। এর নেপথ্যে কোনও ধর্মীয় কারণ থাকতে পারে বলে মনে করা হচ্ছে। ওই ফ্ল্যাটটিতে হীরালাল ভাড়া থাকতেন। গত কয়েক দিন তাদের কাউকে দেখা যায়নি। শুক্রবার সকালে দুর্গন্ধ ছড়িয়ে পড়ায় ফ্ল্যাটের মালিক পুলিশকে ফোন করেন। এর পর দরজা ভেঙে পাঁচ জনের লাশ উদ্ধার করা হয়।

প্রসঙ্গত, ২০১৮ সালে দিল্লির বুরাড়ীতে ধর্মীয় বিশ্বাসের কারণে এক পরিবারের ১১ জন সদস্য আত্মহত্যা করেছিলেন। ২০২২ সালে হরিয়ানার অম্বালায় স্ত্রী এবং চার শিশুসন্তানকে খুন করে আত্মহত্যা করেছিলেন এক ব্যক্তি।

৩ পাতার পর

# ধৃতদের না ছাড়লে দেহই নেব না'! মৃতার পরিবার, প্রতিবেশীদের বিক্ষোভেও পাল্টা উত্তেজনা সাগর দত্তে


ডাক্তারদের উপর হামলা চালান। ভাঙচুর করা হয় মহিলাদের ওয়ার্ডে। এমনকি, মহিলা চিকিৎসকদের ঘর থেকে টেনে বার করে মারধর করা হয় বলেও অভিযোগ। পুলিশ ঘটনাস্থলে পৌঁছলেও পরিস্থিতি সামাল দিতে তাদের বেগ পেতে হয়। এই ঘটনায় জুনিয়র ডাক্তার, নার্স-সহ সাত জন আহত হয়েছেন। তাঁদের মধ্যে পুলিশকর্মীও রয়েছেন। এই হামলার ঘটনায় পুলিশ এখনও পর্যন্ত চার জনকে গ্রেফতার করেছে। এই গ্রেফতারির বিরোধিতায় শনিবার সকাল থেকে হাসপাতাল চত্বরে জড়ো হন মৃতার পরিবারের সদস্যেরা। দাবি, যত ক্ষণ পর্যন্ত না ধৃতদের পুলিশ ছাড়ছে, তত ক্ষণ দেহ নেবেন না তাঁরা।

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## কতদূর এগিয়েছে 'পাঠান টু'?




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** টানা ফ্লপের পর বক্স অফিসে হাজার কোটি পার করে শাহরুখ খানকে হারানো দাপট ফিরিয়ে দিয়েছিল 'পাঠান'। এবার শুরু হয়েছে সেই ছবির সিক্যুয়েলের কাজ। অর্থাৎ 'পাঠান টু' নিয়ে মিলল বড় এক খবর।

যশরাজের স্পাই ইউনিভার্সে শাহরুখের 'পাঠান'-এর গল্পকার ছিলেন আব্বাস টায়ারওয়ালা। দ্বিতীয় ছবির গল্পও লিখছেন তিনি। মানে, গল্প লেখাও শেষ। এবার শুরু হয়েছে সংলাপ লেখার কাজ।

ভারতীয় গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে এ তথ্য জানিয়েছেন আব্বাস টায়ারওয়ালা নিজে। তবে ছবিতে খলনায়কের চরিত্রে কে কিংবা পরিচালনা করে করবেন তা অবশ্য খোলসা করেননি আব্বাস। যদিও এটা নিশ্চিত যে, সিদ্ধার্থ আনন্দ এই ছবিটির পরিচালক থাকবেন না। কেননা তার হাতে রয়েছে শাহরুখ-সালমানের 'টাইগার ভার্সেস পাঠান'।

ধরে নেওয়া যাচ্ছে, অন্য কারও হাতেই থাকতে পারে 'পাঠান টু' পরিচালনার কাজ। যদিও ছবিটি কবে মুক্তি পাবে, সে ব্যাপারেও কিছু বলেননি আব্বাস টায়ারওয়ালা। এ বছরের শুরুতেই জানিয়ে দেওয়া হয়েছিল 'পাঠান টু' ছবিটি তৈরি হওয়ার ব্যাপারে।

এদিকে শাহরুখের 'কিং' ছবিটি নিয়েও আপডেট দিয়েছেন আব্বাস। জানিয়েছেন, ছবির সংলাপ লেখার কাজ তিনি শুরু করেছেন। সুজয় ঘোষের সঙ্গে এটাই প্রথম ছবি এসআরকের। স্বাভাবিক ভাবেই ছবিটি নিয়ে কৌতূহল তৈরি হয়ে গেছে ইতোমধ্যেই। এই ছবিটি সুহানা খানের প্রথম ছবিও হতে চলেছে। বাবা ও মেয়েকে একসঙ্গে দেখতেও মুখিয়ে রয়েছেন মহাতারকার অনুগামীরা।

## বানসালিকে কেন আদর্শহীন বলেছিলেন কারিনা?




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডে 'ঠোঁটকাটা' বলেই পরিচিত কারিনা কাপুর। ক্যারিয়ারের শুরুতেই তিনি প্রকাশ্যে বলে বসেছিলেন, সালমান খান খারাপ অভিনেতা। সঞ্জয় লীলা বানসালিকেও ছাড়েননি অভিনেত্রী। অভিনয় জীবনের শুরুর দিকেই তাকে নিয়ে বলেছিলেন, "কোনও নীতি নেই। বিভ্রান্ত লোক!" কিন্তু, প্রথম সারির পরিচালককে নিয়ে কেন এমন মন্তব্য করেছিলেন অভিনেত্রী?

করিনার সৌন্দর্যে প্রথম থেকেই মুগ্ধ ছিলেন পরিচালক। 'হম দিল দে চুকে সনম' ছবির জন্য তার প্রথম পছন্দ ছিলেন কারিনাই। কিন্তু সেই সময় অভিনয়জগতে পা রাখতে চাননি অভিনেত্রী। তার পর ঐশ্বরিয়াকে বেছে নিয়েছিলেন নায়িকার চরিত্রে। এর পরে কারিনাকে 'দেবদাস' ছবির প্রস্তাব দেন সঞ্জয়। প্রাথমিক ভাবে রাজি হননি কারিনা। তার মনে হয়েছিল, 'পারো' চরিত্রটির জন্য তিনি মানানসই নন। তবে পরে সিদ্ধান্তে বদল আনেন অভিনেত্রী। চুক্তিপত্রে স্বাক্ষরও করে ফেলেন। কিন্তু তার পরে যে ঘটনাটি ঘটে তা কল্পনাও করেননি কারিনা।

ছবির জন্য ফটোশুটের পরে কারিনা জানতে পারেন, 'দেবদাস' ছবি থেকে তাকে বাদ দিয়েছেন সঞ্জয়। পরিবর্তে ঐশ্বরিয়াকে চূড়ান্ত করেছেন 'পারো' চরিত্রের জন্য। ঘটনার পরে রাগে ফেটে পড়েন অভিনেত্রী। এক সাক্ষাৎকারে তিনি বলেন, "সঞ্জয় একজন বিভ্রান্ত পরিচালক। ওর কথার দাম নেই। ওর জীবনে কোনও নীতি আদর্শ নেই।" সঞ্জয়ের উদ্দেশে ছুড়ে দিয়েছিলেন 'অপেশাদার'-এর তকমা। সেই সময় তিনি আরও বলেছিলেন, "আগামী দিনে যদি রাজ কাপুর এবং গুরু দত্তের নামের পাশে সঞ্জয়ের নাম আসে তা-ও আমি ওর সঙ্গে ছবি করব না। এমনকি আমার হাতে যদি কোনও কাজ না-ও থাকে, আমি যদি ফ্লপ নায়িকা হই তা-ও করব না। ওর ছবি থেকে আমি এমনিতেও কোনও অনুপ্রেরণা পাইনি।"


## ১০০ কোটির ক্লাবে শাহরুখ-প্রীতির সিনেমা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গেল কয়েক মাসে একের পর এক পুরনো জনপ্রিয় সিনেমা মুক্তি দিয়ে প্রেক্ষাগৃহে দর্শক ফেরাচ্ছে বলিউড। এ তালিকায় শামিল হয়েছে শাহরুখ খানের 'বীর জারা' সিনেমার নাম।

এনডিটিভি লিখেছে, ২০ বছর পূর্তি উপলক্ষে যশ চোপড়া পরিচালিত শাহরুখ খান, প্রীতি জিনতা ও রানী মুখার্জির 'বীর জারা' হলে এসেছে গত ১৩ সেপ্টেম্বর। বক্স অফিস বলছে মুক্তির প্রথম সপ্তাহ শেষে ১.৭৫ কোটি রুপি আয় করেছে সিনেমাটি। যার জেরে বিশ্বজুড়ে ১০১.৭৫ কোটি রুপির বেশি ব্যবসা করে ফেলেছে 'বীর জারা'। ২০০৪ সালে মুক্তির পর এই সিনেমা দুনিয়াজুড়ে আয় করেছিল ৯৫ কোটি রুপির বেশি। এখন নতুন করে মুক্তির পর দর্শকের চাহিদায় এই সিনেমার প্রদর্শনীর সংখ্যা বাড়ানো হয়েছে। এখন সিনেমাটি ৪০০টির বেশি স্ক্রিনে দেখান হচ্ছে।

বলিউড বাণিজ্য বিশ্লেষক এবং চলচ্চিত্র সমালোচক তরণ আদর্শ তার ইনস্টাগ্রাম



পোস্টে লিখেছেন, "বীর জারা বিশ্বব্যাপী ১০০ কোটি পার করেছে, নুতন করে মুক্তিতে এমন ঘটনা কম সিনেমাতেই দেখা গেছে।" এই সিনেমায় আরো অভিনয় করেছেন অমিতাভ বচ্চন, দিব্যা দত্ত, কিরণ খের, হেমা মালিনী, মনোজ বাজপেয়ী এবং বোমান ইরানি।

'বীর জারা' মুক্তি পাওয়ার পর বহু অনুরাগী সোশাল মিডিয়ায় 'ওম শান্তি ওম' ও 'ডর', 'বাদশা'র মত সিনেমাগুলোর নতুন করে মুক্তির আর্জি ছিল। 'বীর জারা'য় ভারত-পাকিস্তান মৈত্রীর প্রসঙ্গ যেমন তোলা হয়েছে, তেমনই যশ চোপড়া তার নিজস্ব স্টাইলে চিরন্তন প্রেমের গল্পও বলে গেছেন। সিনেমায় বেশ কিছু কারাগারের দৃশ্য আছে। সেখানকার বেশির ভাগ দৃশ্যেই ছিলেন রানি ও শাহরুখ। কারাগারের সব কটি দৃশ্যই এক দিনে শুটিং করা হয়েছিল।

গত কয়েক বছরে 'দিলওয়ালে দুলহানিয়া লে জায়েঙ্গে', 'হাম আপকে হ্যায় কৌন'. অ্যাকশন থ্রিলার সিনেমা 'ম্যায় খিলাড়ি তু আনারি', 'বাজিগর', 'মিউজিক্যাল রকস্টার', 'বন্ধু ফিল্ম জিন্দেগি না মিলেগি দোবারা', 'যব উই মেট' এবং 'লায়লা মজুন'র মত সিনেমা দ্বিতীয়বার মুক্তি দেওয়া হয়েছে। দর্শকদের দারুণভাবে হলমুখী করেছে সিনেমাগুলো।

## অস্কারে 'লাপাতা লেডিজ'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২৫ সালে অস্কার মঞ্চে ভারতের প্রতিনিধিত্ব করবে কিরণ রাও পরিচালিত ছবি 'লাপাতা লেডিজ। আজ সোমবার 'ফিল্ম ফেডারেশন অফ ইন্ডিয়া' একটি বিবৃতি এই খবর জানিয়েছে।

বিবৃতিতে লেখা হয়েছে, "২০২৫ সালে অস্কারে বিদেশি ভাষার ছবি বিভাগে ভারত থেকে প্রতিযোগিতা করবে 'লাপাতা লেডিজ'।" এরই সঙ্গে সেখানে ছবিটি সম্পর্কে লেখা হয়েছে, "সমর্পণ এবং কর্তৃত্ব বোধের সংমিশ্রণে তৈরি ভারতীয় নারী। শক্তিশালী চরিত্রদের মাধ্যমে 'লাপাতা লেডিজ' সেই বক্তব্যকেই তুলে ধরেছে।" সংস্থার দাবি, ছবিটি শুধুমাত্র ভারতীয় মহিলা নয়, সারা বিশ্বের মহিলাদের জন্যও গুরুত্বপূর্ণ বার্তা তুলে ধরেছে।

আগামী বছর অস্কার-দৌড়ে নাম লিখিয়েছিল ২৯টি ছবি। প্রতিযোগীদের মধ্যে ছিল 'অ্যানিম্যাল', 'শ্রীকান্ত', তামিল ছবি 'বাজহাই', মালয়ালম ছবি 'অট্টম' এবং চলতি বছরে কান চলচ্চিত্র উৎসবে গ্রাঁ প্রি জয়ী 'অল উই ইমাজিন অ্যাজ লাইট'। তবে জানু বড়ুয়ার অধীনস্থ জুরি বোর্ড শেষ পর্যন্ত 'লাপাতা লেডিজ' কেই বেছে নিয়েছে। 'লাপাতা লেডিজ' যে অস্কারে দেশের প্রতিনিধিত্ব করতে পারে, তা নিয়ে সম্প্রতি আশা প্রকাশ করেছিলেন কিরণ। সোমবার সুখবর পাওয়ার পর তিনি বলেন, "আমাদের ছবিটি অস্কারের জন্য নির্বাচিত হওয়ায় আমি গর্বিত। এই সম্মান আমাদের গোটা দলের নিরলস পরিশ্রমের ফলাফল। আশা করি, ভারতের মতোই একই ভাবে সারা বিশ্বের দর্শকের মনে ছবিটা জায়গা করে নেবে।"

গত মার্চে মুক্তি পায় কিরণ রাও পরিচালিত ছবি 'লাপাতা লেডিজ'। ছবিটি দর্শক ও সমালোচক মহলে প্রশংসা কুড়িয়েছে। এই ছবির প্রেক্ষাপট নারী ক্ষমতায়ন। উল্লেখ্য, ছবিটির চিত্রনাট্যকার বিপ্লব গোস্বামী।

## 'মিস ইউনিভার্স ইন্ডিয়া' হলেন রিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মিস ইউনিভার্স ইন্ডিয়ার মুকুট ২০২৪ জয়ী হয়েছেন ১৮ বছর বয়সী রিয়া সিং। রবিবার রাজস্থানের জয়পুরে গ্র্যান্ড ফিনালেতে তার নাম ঘোষণা করা হয়। এই শিরোপায় রীতিমতো আবেগপ্রবণ রিয়া। ভারতীয় গণমাধ্যমের এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'মিস ইউনিভার্স ইন্ডিয়া ২০২৪-এর খেতাব জয় করে আমি খুবই কৃতজ্ঞ। এই জায়গায় পৌঁছানোর জন্য আমি অনেকটা পরিশ্রম করেছি। আমি নিজেকে এই জয়ের জন্য যোগ্য বলে মনে করি। আগে যারা জয়ী, তাদের থেকেও ভীষণভাবে অনুপ্রাণিত আমি।'

রিয়ার জীবনের এমন অনেকগুলো বিষয় রয়েছে, যা অনেকেই জানে না । এই পুরস্কার জয়ের জন্য দীর্ঘদিন ধরে প্রচুর চেষ্টা করেছেন। অভিনেত্রী ঊর্বশী রাউতেলা এই অনুষ্ঠানের একজন বিচারক ছিলেন। তিনি বলেন, 'আমার মনে হয়েছিল এই বছর মিস ইউনিভার্সে আমাদের দেশ ভালো ফল করবে। সব প্রতিযোগীই ভীষণই পরিশ্রমী এবং নিবেদিত প্রাণ। সেরার সেরা তিনি হবেনই।'

মিস ইউনিভার্স ইন্ডিয়া প্রতিযোগিতায় রিয়া ওয়াইল্ড কার্ড এন্ট্রি ছিলেন। যিনি ১৭ আগস্ট প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন। মুকুট জয়ের পর তিনি মেক্সিকোতে ১৬ নভেম্বর, ২০২৪-এ অনুষ্ঠিত হতে যাওয়া মিস ইউনিভার্স ২০২৪-এ ভারতের হয়ে প্রতিনিধিত্ব করবেন বলেও জানা গেছে।

রিয়া ২০২২ সালে আহমেদাবাদ মহাত্মা গান্ধী ইন্টারন্যাশনাল স্কুল থেকে পড়াশোনা করেছেন। তিনি জিএলএস ইউনিভার্সিটি থেকে পারফর্মিং আর্টসে স্নাতক ডিগ্রি অর্জন করেন। রিয়া একজন জনপ্রিয় ব্যবসায়ী ব্রিজেশ সিংহের মেয়ে। তার বাবা-মা দু'জনেই রিয়ার স্বপ্ন এবং ক্যারিয়ারের জন্য খুব সাপোর্ট করেছেন।

খুব অল্প বয়স থেকেই মডেল হিসেবে কাজ শুরু করেন রিয়া। ১৬ বছর বয়সে ডিভা'স মিস টিন গুজরাট এবং ১৭ বছর বয়সে মিস টিন আর্থ ২০২৩-এর মতো প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন এবং দুটি শিরোপা জয় করেছিলেন।

### শুধু অবনমন নয়

## ম্যানসিটির নাম মুছে দিতে চায় সবাই: গার্দিওলা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সবশেষ কয়েক মৌসুম ধরেই ইংলিশ প্রিমিয়ার লিগে অপ্রতিরোধ্য দল ম্যানচেস্টার সিটি। এবারো লিগে এখন পর্যন্ত ৪ ম্যাচ খেলে টানা ৪ জয়ই তাদের। তবে সিটিজেনদের সুখের সময় 'অসুখ' হয়ে এসেছে তাদের বিরুদ্ধে আর্থিক নীতিমালা ভঙ্গের অভিযোগ।

ম্যানসিটির বিরুদ্ধে ১১৫টি আর্থিক নীতিমালা ভঙ্গের শুনানি শুরু হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে শোনা যাচ্ছে লিগ থেকে অবনমন হতে পারে তাদের। এমন কঠিন সময়ে যে কেউ দলের পাশে থাকবে এটাই স্বাভাবিক। কোচ পেপ গার্দিওলা ব্যতিক্রম নন।

দলের পাশে থাকার কথা জানিয়েছেন তিনিও। সঙ্গে অভিযোগের সুরে জানিয়েছেন, সবাই চায় ম্যানসিটির নাম মুছে দিতে।

আজ আর্সেনালের বিপক্ষে হেভিওয়েট ম্যাচে নামার আগে সংবাদ সম্মেলনে এমনটিই জানিয়েছেন গার্দিওলা। স্প্যানিশ কোচ বলেছেন, 'আমার ক্লাবকে রক্ষা করতে চাই। বিশেষ করে আধুনিক এই সময়ে। সবাই আমাদের শুধু অবনমন করতেই চায় না, পৃথিবী থেকেই মুছে দিতে চায়। এ কারণেই আমরা প্রতিপক্ষের চেয়ে ভালো করেছি। আমরা প্রচুর জয় পেয়েছি।'

গার্দিওলা ২০১৬ সালে যোগ দেওয়ার পর থেকেই ম্যানচেস্টার সিটির আধিপত্য বেড়েছে।

## মেসিদের বিশ্বকাপ বাছাইয়ের দুই ম্যাচের সূচি প্রকাশ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বিশ্বকাপ ফুটবলের লাতিন অঞ্চলের বাছাইপর্বে আগামী অক্টোবরে দুটি ম্যাচ খেলবে আর্জেন্টিনা। আকাশি-নীলদের প্রতিপক্ষ ভেনেজুয়েলা ও বলিভিয়া। এস্তাদিও মনুমেন্টাল ডি মাতুরিনে ১০ অক্টোবর রাত ৩টায় ভেনেজুয়েলার বিপক্ষে খেলবে আলবিসেলেস্তেরা। এস্তাদিও মাস মনুমেন্টালে ১৬ অক্টোবর ভোর ৬টায় বলিভিয়াকে আতিথেয়তা দেবে আর্জেন্টিনা।

লাতিন অঞ্চলের বাছাইপর্বে এ পর্যন্ত ৮ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে শীর্ষে আর্জেন্টিনা। কলম্বিয়া ১৬ ও উরুগুয়ে ১৫ পয়েন্ট নিয়ে যথাক্রমে দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছে। চারে থাকা ইকুয়েডরের পয়েন্ট ১১।

পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল ১০ পয়েন্ট নিয়ে পঞ্চম অবস্থানে আছে। সমান পয়েন্ট পেলেও গোল পার্থক্যে পিছিয়ে থাকায় ষষ্ঠ স্থানে ভেনেজুয়েলা। প্যারাগুলে ও বলিভিয়ার পয়েন্ট সমান ৯ পেলেও গোল পার্থক্যে সপ্তম ও অষ্টম স্থানে প্যারাগুয়ে এবং বলিভিয়া।

মোট ১০টি দল লাতিন অঞ্চলের বাছাইয়ে অংশ নিচ্ছে। টেবিলের শীর্ষ ছয় দল ২০২৬ বিশ্বকাপে খেলার টিকিট পাবে। সপ্তম স্থানে থাকা দলটি প্লে অফ খেলে ফুটবলের বিশ্ব আসরে যাওয়ার লড়াইয়ে নামবে।

## বড় জয়ে শীর্ষস্থান মজবুত করল বার্সেলোনা




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চ্যাম্পিয়ন্স লিগে হারের হতাশা পেছনে ফেলে লা লিগায় ফিরে আবারও নিজেদের বিধ্বংসী রূপে মেলে ধরল বার্সেলোনা। এবার তাদের আগুনে পুড়ল ভিয়ারেয়াল। আরেকটি বড় জয়ে শীর্ষস্থান মজবুত করল হান্সি ফ্লিকের দল। প্রতিপক্ষের মাঠে রবিবার (২২ সেপ্টেম্বর) লিগ ম্যাচটি ৫-১ গোলে জিতেছে বার্সেলোনা।

প্রথমার্ধে রবের্ত লেভানদোভস্কির জোড়া গোলের পর ব্যবধান কমান আয়োসে পেরেস। দ্বিতীয়ার্ধে পাবলো তোরে ব্যবধান আবার বাড়ানোর পর জোড়া গোল করেন রাফিনিয়া। মাঝে পেনাল্টি মিস করে হ্যাটট্রিকের সুযোগ হাতছাড়া করেন লেভানদোভস্কি। লা লিগায় প্রথম পাঁচ ম্যাচে জয়ের পর গত সপ্তাহে চ্যাম্পিয়ন্স লিগে প্রথম ম্যাচে মোনাকোর মাঠে ৮০ মিনিট ১০ জন নিয়ে খেলে ২-১ গোলে হেরে বসে বার্সেলোনা। ঘরোয়া লিগে ঠিকই জয়ের ধারা ধরে রাখল তারা। লিগে সবশেষ তিন ম্যাচে তারা গোল করল মোট ১৬টি, বিপরীতে হজম করল মাত্র দুটি।

জয়ের আনন্দের মাঝেই বার্সেলোনার জন্য অস্বস্তির কাঁটা হয়ে এসেছে মার্ক-আন্দ্রে টের স্টেগেনের চোট। হাঁটুর মারাত্মক চোটে প্রথমার্ধে স্ট্রেচারে মাঠ ছাড়েন জার্মান গোলরক্ষক। ধারণা করা হচ্ছে, লম্বা সময় মাঠের বাইরে থাকতে হবে বার্সেলোনা অধিনায়ককে। ষষ্ঠ মিনিটে ম্যাচের প্রথম পরিষ্কার সুযোগ পায় ভিয়ারেয়াল। বাম দিক থেকে সতীর্থের ক্রসে বক্সে হেড লক্ষ্যে রাখতে পারেননি সাবেক আর্সেনাল ফরোয়ার্ড নিকোলাস পেপে। দুই মিনিট পর ইয়েরেমি পিনো বার্সেলোনার জালে বল পাঠালেও অফসাইডের কারণে গোল মেলেনি।

দ্বাদশ মিনিটে সুযোগ পায় বার্সেলোনা। লামিনে ইয়ামালের কোনাকুনি শট ফেরান ভিয়ারেয়াল গোলরক্ষক। পরের মিনিটে পাল্টা আক্রমণে যায় স্বাগতিকরা। বক্সের ভেতর থেকে পেপের নেওয়া শট ফিরিয়ে দেন টের স্টেগেন। সপ্তদশ মিনিটে গোল প্রায় পেয়েই যাচ্ছিলেন ইয়ামাল। তার চমৎকার কোনাকুনি শট দূরের পোস্টে লাগে। একটু পর পেদ্রির নিচু শট পোস্ট ঘেঁষে বেরিয়ে যায়। ২০তম মিনিটে গোলের অপেক্ষা ফুরায় বার্সেলোনার। পাবলো তোরে দারুণ থ্রু বল বাড়ান বক্সে, প্রথম স্পর্শে ডান পায়ের শটে দলকে এগিয়ে নেন লেভানদোভস্কি।

আট মিনিট পর আরেকটি গোল পেতে পারতেন তিনি। এবার কাছ থেকে তার প্রচেষ্টা ঠেকিয়ে দেন গোলরক্ষক। ৩৫তম মিনিটে দ্বিতীয় গোল পেয়ে যান লেভানদোভস্কি। ইয়ামালের ক্রসে দূরের পোস্টে এরিক গার্সিয়ার হেড গোলরক্ষক ঠেকানোর পর কাছ থেকে ওভারহেড কিকে জালে পাঠান সাবেক বায়ার্ন মিউনিখ স্ট্রাইকার। এবার লা লিগায় ৬ ম্যাচে পোলিশ তারকার গোল হলো ৬টি, সঙ্গে অ্যাসিস্ট আছে দুটি। দুই মিনিট পর ব্যবধান কমায় ভিয়ারেয়াল। রক্ষণ অনেকটাই উন্মুক্ত হয়ে পড়েছিল বার্সেলোনার। বক্সে পেপের পাসে ঠিকানা খুঁজে নেন পেরেস। ৪৪তম মিনিটে ওই ধাক্কা খায় বার্সেলোনা। প্রতিপক্ষের একটি কর্নারে লাফিয়ে বলের নিয়ন্ত্রণ নিয়ে বাজেভাবে মাটিতে পড়ে ডান হাঁটুতে চোট পান টের স্টেগেন। মাঠে প্রাথমিক চিকিৎসার পর স্ট্রেচারে বাইরে নিয়ে যাওয়া হয় জার্মান গোলরক্ষককে। তার বদলি নামেন ইনাকি পেনা।

দ্বিতীয়ার্ধের পঞ্চম মিনিটে পেপে বার্সেলোনার জালে বল পাঠালেও আক্রমণের শুরুতে অফসাইডে ছিলেন তিনি। পরের মিনিটে তার শটে বল ক্রসবারের ওপর দিয়ে পাঠান পেনা। ৫৮তম মিনিটে দুই গোলের লিড পুনরুদ্ধার করেন তোরে। পেদ্রির পাস বক্সের বাইরে পেয়ে জোরাল শট নেন তরুণ এই স্প্যানিশ মিডফিল্ডার। বল প্রতিপক্ষের একজনের শরীরে লেগে জালে জড়ায়।

৬৪তম মিনিটে ইয়ামাল ভিয়ারেয়ালের বক্সে ফাউলের শিকার হলে ভিএআরের সাহায্যে পেনাল্টি দেন রেফারি। কিন্তু স্পট কিকে বল পোস্টে মারেন লেভানদোভস্কি। চার মিনিট পর আরও একবার বল জালে পাঠিয়েও অফসাইডের কারণে গোল পায়নি ভিয়ারেয়াল।

৭৪তম মিনিটে স্কোরলাইন ৪-১ করেন রাফিনিয়া। বক্সে পাউ ভিক্তরের পাস পেয়ে বাঁ পায়ে জোরাল শট নেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড, প্রতিপক্ষের একজনের পায়ে লেগে বল জালে জড়ায়।

৮৩তম মিনিটে নিজের দ্বিতীয় গোলের দেখা পান তিনি। ম্যাচজুড়ে দারুণ খেলা ইয়ামাল চমৎকারভাবে উঁচু করে বল বাড়ান বক্সে, ছুটে গিয়ে বাঁ পায়ের শটে লক্ষ্যভেদ করেন রাফিনিয়া। আসরে ৬ ম্যাচে তার গোল হলো ৫টি, অ্যাসিস্ট ৩টি। ৬ ম্যাচে শতভাগ সাফল্যে বার্সেলোনার পয়েন্ট হলো ১৮। সমান ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে দুইয়ে শিরোপাধারী রিয়াল মাদ্রিদ। ১১ পয়েন্ট নিয়ে পাঁচ নম্বরে আছে ভিয়ারেয়াল।

## এক যুগ ধরে রোনালদোর থাকা রেকর্ড ছুঁলেন হালান্ড



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কোনো ক্লাবের হয়ে সবচেয়ে কম ম্যাচে ১০০ গোল করারমাইলফলক ছোঁয়ার রেকর্ডটি এতোদিন এককভাবে ছিল ক্রিশ্চিয়ানো রোনালদোর দখলে। সেই রেকর্ডে নাম লেখালেন হালান্ডও। ২০০৯-১০ মৌসুমে ম্যানচেস্টার ইউনাইটেড ছেড়ে রিয়াল মাদ্রিদে আসেন রোনালদো। ২০১১ সালে ১০৫ ম্যাচে করেছিলেন ১০০ গোল। গত একযুগ ইউরোপিয়ান ক্লাবের হয়ে এটিই ছিল দ্রুততম শত গোল ছোঁয়ার মাইলফলক। অবশেষে সেই রেকর্ড ভাগ বসালেন হালান্ড।

রবিবার আর্সেনালের বিপক্ষে ম্যাচের নবম মিনিটেই ম্যানসিটির হয়ে গোলের দেখা পান হালান্ড। সেই গোলেই তিনি ভাগ বসান ক্রিস্টিয়ানোর রেকর্ডে। ম্যানসিটির হয়ে ১০৫ ম্যাচ খেলে ১০০ গোলের মাইলফলক স্পর্শ করলেন ২৪ বছর বয়সি এই তারকা। যদিও তার সামনে সুযোগ ছিল রোনালদোর রেকর্ড ভেঙে দেওয়ার। ১০৩ ম্যাচেই ৯৯ গোল করে ফেলেছিলেন নরওয়েজিয়ান সেনশেসন। চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে ইন্টার মিলানের বিপক্ষে মাঠে নামলেও হালান্ড পাননি গোলের দেখা। ফলে ভাঙা হয়নি পর্তুগিজ তারকার রেকর্ড। সমান ম্যাচ খেলে ১০০ গোল করে বসালেন তার রেকর্ডে ভাগ।

## বুমরাহকে সেরা ফাস্ট বোলার মনে করেন স্মিথ





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়া সফরে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ খেলবে ভারত। তার আগে ভারতীয় পেসার জসপ্রীত বুমরাহ'র প্রশংসায় মজলেন অস্ট্রেলিয়ার সাবেক ব্যাটসম্যান স্টিভ স্মিথ। বুমরাহকে ক্রিকেটের তিন সংস্করণে এই মুহূর্তে সেরা ফাস্ট বোলার হিসেবে মনে করেন তিনি।

নভেম্বরে শুরু হতে যাওয়া বোর্ডার-গাভাস্কার ট্রফি সামনে রেখে ভারতের টিভি চ্যানেল স্টার স্পোর্টসে কথা বলেন স্টিভ স্মিথ। সেখানে তিনি ৩০ বছর বয়সী এই পেসারের গতি, লাইন-লেংথ ও সুইংয়ে ধারাবাহিকতার জন্য প্রশংসা করেন।

তিনি বলেন, সে দারুণ বোলার, সেটা নতুন বল, একটু পুরোনো বল কিংবা একদম পুরোন বল-যেটাতেই তার মুখোমুখি হই না কেন, সবকিছুতেই তার দারুণ দক্ষতা। গ্রেট একজন বোলার। তর্কযোগ্যভাবে তিন সংস্করণ মিলিয়ে সেরা ফাস্ট বোলার।

উল্লেখ্য, পার্থে ২২ নভেম্বর শুরু হবে প্রথম টেস্ট। অস্ট্রেলিয়ায় এটি হবে বুমরাহ'র তৃতীয় টেস্ট সিরিজ। আগের দুটি সফরে ৭ টেস্ট খেলে ৩২ উইকেট নিয়েছিলেন বুমরাহ। দুবারই সিরিজ জিতেছিল ভারত।

## ভারত-বাংলাদেশ কানপুর টেস্টের দ্বিতীয় দিনের খেলা পরিত্যক্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত-বাংলাদেশ দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিনের পুরোটাই ভেসে গেছে বৃষ্টিতে। কানপুরে একটি বলও খেলা হয়নি। ফলে বাংলাদেশ সময় দুপুর ২টা ৩৪ মিনিট নাগাদ দ্বিতীয় দিনের খেলা পরিত্যক্ত ঘোষণা করেছেন আম্পায়াররা।

প্রথম দিনেও বৃষ্টির কারণে মাত্র ৩৫ ওভার খেলতে পেরেছিল টাইগাররা। টসে হেরে ব্যাটিং করতে নামা বাংলাদেশের স্কোর ছিল ৩ উইকেটে ১০৭।


খেলা শুরু হওয়ার সম্ভাবনা তৈরি হলেও বাংলাদেশ সময় দুপুর ১২টা ১০ মিনিটের দিকে ফের বৃষ্টি শুরু হয়। বৃষ্টির দাপট কমলে তৃতীয় দিন সকালে ৩ উইকেটে ১০৭ রানে খেলা শুরু করবেন মুশফিক ও মুমিনুল। ৭ চারে ৮১ বলে ৪০ রান করেছেন মুমিনুল। ১৩ বলে ৬ রান মুশফিকের। দুজনের অবিচ্ছিন্ন জুটি ২৭ রানের।

দুই দিনের ক্ষতি পুষিয়ে নিতে রবিবার ত্রিশ মিনিট আগে অর্থাৎ সকাল ৯টা ৩০ মিনিটে শুরু হবে খেলা।

সংক্ষিপ্ত স্কোর:

বাংলাদেশ ১ম ইনিংস: ৩৫ ওভারে ১০৭/৩ (জাকির ০, সাদমান ২৪, মুমিনুল ৪০*, শান্ত ৩১, মুশফিক ৬*; বুমরাহ ৯-৪-১৯-০, সিরাজ ৭-০-২৭-০, অশ্বিন ৯-০-২২-১, আকাশ ১০-৪-৩৪-২)

### কেইনের রাতে অনুজ্জ্বল মেসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লিওনেল মেসি নিজে গোল করবেন, সঙ্গে সতীর্থদের গোলে করবেন অ্যাসিস্ট। ইন্টার মিয়ামিতে এমন অলিখিত রীতিতে যেন হঠাৎই ছেদ পড়ছে। শনিবার রাতে আর্জেন্টাইন ফুটবল জাদুকর পাননি গোলের দেখা। রাখতে ব্যর্থ হয়েছেন সতীর্থের গোলে সহায়তাও। মাঠের লড়াইয়ে নিষ্প্রভ মেসি পারেননি প্রিয় দল ইন্টার মিয়ামিকে জয় উপহার দিতে। মেজর লিগ সকারের (এমএলএস) ম্যাচে নিউইয়র্ক সিটির সঙ্গে ১-১ গোলে হোঁচট খেয়েছে মেসির ক্লাব মিয়ামি। আগের ম্যাচের চিত্রনাট্যই যেন মঞ্চস্থ করলেন আলবিসেলেস্তের প্রাণভোমরা। টুর্নামেন্টের প্লে-অফের টিকিটটা আগেই নিশ্চিত হয়ে গেছে ইন্টার মিয়ামির। এবার ক্লাবটি স্বপ্ন দেখছিল এক মৌসুমে এমএলএসে সর্বোচ্চ পয়েন্ট ছিনিয়ে নেওয়ার রেকর্ড গড়ার। নিউইয়র্ক সিটির সঙ্গে পয়েন্ট ভাগাভাগি করায় বড় এক ধাক্কাই খেয়েছে মেসির মিয়ামির সেই রেকর্ডের স্বপ্ন। যদিও স্বপ্ন সত্যি করতে এখনও তাদের হাতে রয়েছে আরও চার ম্যাচ। প্রতিপক্ষের মাঠে গোলের সন্ধান পেতে মিয়ামিকে অপেক্ষা করতে হয়েছে ৭৫ মিনিট পর্যন্ত। মিয়ামিকে এগিয়ে দেন ইকুয়েডরিয়ান ফরোয়ার্ড লিওনার্দো কাম্পানা। সতীর্থের এ গোলে অবদান রাখতে পারেননি মেসি। গোলটিতে অ্যাসিস্ট করেন মেসির সাবেক বার্সা সতীর্থ জর্দি আলবা।

কাম্পানার গোলে জয়ের দ্বারপ্রান্তেই পৌঁছে গিয়েছিল মিয়ামি। দলটির সমর্থকরা প্রতিপক্ষের মাঠে জয়োৎসব প্রায় শুরুই করে দিয়েছিল। কিন্তু নাহ! সেটা আর করা হয়ে ওঠেনি ক্লাব অনুসারীদের। ইনজুরি টাইমের পঞ্চম মিনিটে জেমস স্যান্ডসের গোলে স্কোর লেভেল করে ফেলে নিউইয়র্ক সিটি এফসি। স্যান্ডস গোলটি উপহার দিয়েছেন সান্তিয়াগো রদ্রিগেজের নেওয়া কর্নার থেকে উড়ে যাওয়া বলে মাথা ছুঁইয়ে। অন্যদিকে দুরন্ত ফর্মে রয়েছেন 'গোল মেশিন' হ্যারি কেইন। জার্মানিতে পাড়ি জমানোর পর থেকে নিজের দুর্দান্ত ছন্দটা ধরে রেখেছেন। প্রায় প্রতি ম্যাচে পাচ্ছেন গোলের দেখা। শনিবার রাতে তার প্রমাণও দিলেন। ওয়ের্ডার ব্রেমেনের বিরুদ্ধে গোল উৎসবের ম্যাচে ৫৭ মিনিটে প্রতিপক্ষের জালে বল জড়ান কেইন। ম্যাচটিতে ৫-০ গোলের জয় ছিনিয়ে নিয়েছে বায়ার্ন মিউনিখ। এই গোলেই ইংলিশ ফুটবলার হিসেবে বুন্দেসলিগায় সর্বাধিক গোলের রেকর্ড করেছেন কেইন। গোলবন্যার ম্যাচে ৫৭ মিনিটে গোল এনে দেন কেইন। ৩৬ ম্যাচে তার গোলের সংখ্যা বেড়ে গিয়ে দাঁড়াল ৪১-এ। এ কীর্তিতে কেইন টপকে গেছেন জর্ডন সানচোকে। বরুশিয়া ডর্টমুন্ডের জার্সিতে ৪০ গোল করেছিলেন তিনি।

পূর্ণ ৩ পয়েন্ট পাওয়ার রাতে বায়ার্নের হয়ে ডাবল গোল করেন মাইকেল ওলিসে। ম্যাচের ২৩ ও ৬০ মিনিটে গোল করেন এ জার্মান ফরোয়ার্ড। অন্য দুটি গোল আসে জামাল মুসিয়ালা ও সার্জ গ্যানবির কল্যাণে। বুন্দেসলিগায় গোলের ঝরনা ছড়িয়ে তালিকার শীর্ষে থাকা বায়ার্ন পয়েন্ট ব্যবধান আরও বাড়িয়ে নিয়েছে। ৪ ম্যাচে ৪ জয়ে বাভারিয়ানদের পুঁজি এখন ১২ পয়েন্ট। দুইয়ে থাকা এফসি ফেইবুর্গ ৪ ম্যাচে ৩ জয়ে সংগ্রহ করেছে ৯ পয়েন্ট।

আর ইংলিশ প্রিমিয়ার লিগে লিভারপুল ৩-০ গোলে হারিয়েছে বোর্নমাউথকে। ওয়েস্ট হামের বিপক্ষে চেলসির জয়ের ব্যবধানও একই। ক্রিস্টাল প্যালেসের সঙ্গে গোলশূন্য ড্র করেছে ম্যানচেস্টার ইউনাইটেড।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR